

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 28.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্য বিধানসভায় সংবিধানের ওপর আলোচনা চলছে। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে অনেক বেশি গণতন্ত্র আছে বলে অধ্যক্ষ মন্তব্য করেছেন।
- ২) সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে মিড ডে মিল প্রকল্পে মাথা পিছু বরাদ্দের পরিমাণ বাড়িয়েছে। কেন্দ্রীয় সরকার এই বরাদ্দ যথেষ্ট নয় বলে, মত শিক্ষা মহলের।
- ৩) ইএসআই হাসপাতালের চুক্তিভুক্তিক কর্মীদের বেতন বাড়ছে।
- ৪) বাংলাদেশে গ্রেপ্তার হওয়া ইঙ্গেলের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছে বিজেপি সহ বিরোধী দলগুলি। কেন্দ্রীয় সরকারেরই বিষয়টি দেখা উচিত বলে মনে করছে তৎমূল কংগ্রেস।
- ৫) যাদবপুরের কিশোরভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে বেঙালুরু এফ সি, মহমেডান স্পোর্টিং-কে ২-১ গোলে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের অন্যান্য রাজ্যের তুলনায় এরাজ্য অনেক বেশি গণতন্ত্র আছে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন। বিধানসভায় গতকাল সংবিধানের ওপর আলোচনার দ্বিতীয় দিনে জবাবি ভাষণে অধ্যক্ষ বলেন, এর সবথেকে বড় প্রমাণ হল বিধানসভা। এখানে বিরোধীরা নিজেদের মনের কথা বলার সুযোগ পান। তাদের মার্শাল দিয়ে বের করে দেওয়া হয় না।

এর আগে বিরোধী দলের সদস্যরা আলোচনায় যোগ দিয়ে গণতন্ত্রের কঠরোধ করা সহ একাধিক অভিযোগ আনেন। এর জবাবে অধ্যক্ষ একথা বলেন। তিনি জানান, ২০২১ সালে বিরোধীদের সংখ্যা মাত্র ৭৮ জন হলেও বিধানসভার ৪২ টি স্থায়ী কমিটির মধ্যে ৩৭ টিতেই বিরোধী সদস্যদের রাখা হয়েছে। চেয়ারম্যানের পদ দেওয়া হয়েছে ১০ জনকে। শোভনদেব চট্টোপাধ্যায়, স্নেহাশিস চক্রবর্তী, সিদ্ধিকুল্লা চৌধুরীর মত বক্তরা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সংবিধান লজ্যন ও গণতন্ত্রকে ক্ষুণ্ণ করার অভিযোগ তোলেন। আলোচনা শেষে প্রস্তাবটি সভায় গৃহীত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিশু শিক্ষার সঙ্গে যুক্ত সামগ্রিক বিষয় নিয়ে একটি বিল পাস করাতে বিধানসভায় এই সংক্রান্ত বেসরকারি সদস্য বিল জমা পড়েছে। বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক শংকর ঘোষ এই বিলটি জমা দিয়েছেন বলে পরিষদীয় দণ্ডে সূত্রে জানা গিয়েছে। সাংবিধানিক নিয়ম মেনে আলোচনার আগে বিলটির সব দিক খতিয়ে দেখার জন্য সেটি আইন দণ্ডে পাঠানোর পরে প্রথমে সেটি মুখ্যমন্ত্রীর কাছে এবং সেখান থেকে সবুজ সংকেত পেলে রাজ্যপালের কাছে পাঠানো হবে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আগেই জানিয়েছেন। এই দিকে বিধানসভার চলতি অধিবেশনে রাজ্যের প্রতি কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে আলোচনার জন্য একটি প্রস্তাব আসতে চলেছে। তৎক্ষণাৎ কংগ্রেস পরিষদীয় দলের মুখ্য সচেতক নির্মল ঘোষের আনা এই প্রস্তাবের উপরে আগামীকাল দেড় ঘন্টা আলোচনা হবে বলে অধ্যক্ষের পৌরোহিত্য কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার পিএম পোষণ-মিড ডে মিল প্রকল্পে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে পড়ুয়াদের জন্য খাওয়ার খরচের বরাদ্দ বৃদ্ধি করেছে। শিক্ষা মন্ত্রক থেকে জারি করা এক নির্দেশিকায় বাল বাটিকা ও প্রাথমিক স্তরের পড়ুয়া ছাত্র ছাত্রীদের জন্য মাথাপিছু খরচের বরাদ্দ বৃদ্ধি করে ছ টাকা উনিশ পয়সা এবং উচ্চ প্রাথমিকে

পড়ুয়াদের জন্য ৯ টাকা ২৯ পয়সা করা হয়েছে। পয়লা ডিসেম্বর থেকে এই বর্ধিত হার কার্যকরী হবে। এর মধ্যে ৬০% অর্থ দেবে কেন্দ্র বাকিটা রাজ্য সরকারকে বহন করতে হবে। তবে, হিমালয় সংলগ্ন রাজ্য এবং উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে কেন্দ্রীয় সরকার ৯০ শতাংশ অর্থ প্রদান করবে।

পি.এম পোষণ প্রকল্পে বরাদ্দ বৃদ্ধি নিয়ে বিভিন্ন শিক্ষক সংগঠনগুলি তীব্র ক্ষেভ প্রকাশ করেছে। শিক্ষানুরাগী এক্য মধ্যের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, বাজারে একটি ডিমের মূল্য যেখানে ৭ টাকা সেখানে এই সামান্য বৃদ্ধির ফলে কোনভাবেই পুষ্টিকর আহার দেওয়া যায় না। এই বরাদ্দ অন্ততপক্ষে ১৬ টাকা এবং ২০ টাকা করার দাবি জানান তিনি।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির (STEA) সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ, অবিলম্বে প্রাথমিক স্তরের জন্য মাথাপিছু ২০ টাকা ও উচ্চ প্রাথমিক স্তরের জন্য মাথাপিছু ২৫ টাকা বরাদের দাবি করেন। পাশাপাশি রন্ধন সহায়িকাদের ১২ মাসের সাম্মানিক ও উৎসব ভাতা বরাদেরও দাবি জানিয়েছেন।

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা অভিযোগ করে বলেন, দেশের প্রতি ৩ টি শিশুর মধ্যে ১ জন অপুষ্টিতে ভোগে, অথচ তাদের জন্য এই বরাদ্দ বৃদ্ধি যৎসামান্য।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার ইএসআই হাসপাতালে চুক্তিভিত্তিক গ্রুপ-ডি কর্মীদের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। চলতি মাস থেকেই তাদের মাসিক বেতন ১২০০০ টাকা থেকে বেড়ে পনেরো হাজার টাকা করা হচ্ছে বলে শ্রম দপ্তরের তরফে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

উল্লেখযোগ্য রাজ্যের ইএসআই হাসপাতাল গুলিতে কর্মরত ৮১৮ জন চুক্তিভিত্তিক গ্রুপ ডি কর্মীর বেতন বৃদ্ধির জন্য রাজ্য সরকার এর আগে চলতি বছরের বাজেটে ২৯৯ কোটি টাকা বরাদ্দ করেছিল।

০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল বৈঠক দেকেছেন। আলিপুরের অতিথিশালা সৌজন্যে এই বৈঠক হওয়ার কথা। মুখ্য সচিব মনোজ পন্ত, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, পুলিশের মহা নির্দেশক রাজীব কুমার ছাড়াও রাজ্যের প্রথমসারির শিল্পপতিরা বৈঠকে যোগ দেবেন। থাকবেন বণিকসভার প্রতিনিধিরাও। শিল্প দফতর মূলত এই বৈঠকের দায়িত্বে থাকলেও সম্মেলনের সঙ্গে যুক্ত সব দফতরের সচিবরাই বৈঠকে যোগ দেবেন।

উল্লেখ্য আগামী বছর পাঁচ ও ৬-ই ফেব্রুয়ারী বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন আয়োজিত হবে। দেশ-বিদেশের শিল্পপতিদের পাশাপাশি ভূটানের রাজা এতে অংশ নেবেন বলে জানা গেছে। থাকবে বিশেষ প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রীর শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দেবেন বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের শীর্ষ প্রশাসনে বেশকিছু রদবদল করা হয়েছে। বন দফতরের অতিরিক্ত মুখ্য সচিব হলেন, মনোজ আগরওয়াল। পাশাপাশি বিপর্যয় মোকাবিলা ও সিভিল ডিফেন্স দফতরের অতিরিক্ত দায়িত্বভার পালন করবেন তিনি। দুষ্প্রতিষ্ঠিত নারিয়াল উত্তরবঙ্গ উন্নয়ন দফতরের অতিরিক্ত মুখ্য সচিব হয়েছেন। তিনি জি টি এ-র দায়িত্বও পালন করবেন। গৌতম কুমার ঘোষ অর্থ দফতরের এবং অনিন্দ মিত্র খাদ্য ও সরবরাহ দফতরের বিশেষ কমিশনার পদে এলেন। গতকাল কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতর থেকে এসংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, বাংলাদেশে গ্রেণ্টার হওয়া ইকনের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছে। ঐ সন্ন্যাসীর গ্রেণ্টারি এবং সেদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল গতকাল কলকাতায় বাংলাদেশ ডেপুটি হাই কমিশন অভিযান করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির নেতৃত্বে বিজেপি বিধায়করা রবীন্দ্র সদন থেকে ডেপুটি হাই কমিশন পর্যন্ত মিছিল করেন। ৮ জন বিধায়ককে ভিতরে যাওয়ার অনুমতি দেওয়া হয়। বিরোধী দলনেতা পরিষদীয় দলের মুখ্য সচেতক ডেপুটি হাই কমিশনে ডেপুটেশন দেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু বাবু জানান, বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের ওপর আক্রমণ মন্দির ভাঙ্চুর এবং সেদেশের ক্ষমতায় থাকা লোকদের উক্ফানিমূলক বক্তব্য বক্ত করার দাবি জানানো হয়েছে। ডেপুটি হাই কমিশনার বিষয়টি বাংলাদেশ হাই কমিশন এবং সরকারকে জানাবেন বলে আশ্বাস দিয়েছেন। সোমবার সকাল ১০ টা থেকে পেট্রোপোল সীমান্তে পথ অবরোধ করার কথা ও জানিয়েছেন বিরোধী দলনেতা।

(বাইট - শ্রমীক)

অন্যদিকে, ত্রৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিযোক বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, বাংলাদেশের বিষয়ে মন্তব্য করার অধিকার একমাত্র বিদেশমন্ত্রকের রয়েছে। তবে যা ঘটছে, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

(বাইট - অভিযোক)

সিপিআইএম-এর কেন্দ্রীয় নেতা সুজন চক্রবর্তী, যে কোন মূল্যে সংখ্যালঘুদের অধিকার রক্ষা করা উচিত বলে মন্তব্য করেছেন।

(বাইট - সুজন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভাষাচার্য সুনীতি চট্টোপাধ্যায়ের ১৩৫ তম জন্ম দিবস এবং বাংলা ভাষার ধ্রুপদী ভাষার মর্যাদা প্রাপ্তি উদযাপনে গতকাল কলকাতায় শরৎচন্দ্রের বাসভবনে এক আলোচনা সভা ও বইপ্রকাশের অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ ও সুত্রধর প্রকাশনা সংস্থার ঘোথ উদ্যোগে বঙ্গভাষার প্রতি শীর্ষক এই আলোচনা সভায় সমস্ত বক্তা কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তকে ঐতিহাসিক ঘটনা বলে উল্লেখ করেছেন। অংশ নিয়ে সংস্কার ভারতীর সর্বভারতীয় সম্পাদক নীলাঞ্জনা রায় বলেন সরকারের এই সিদ্ধান্তে গর্বিত হওয়ার পাশাপাশি বাংলা ভাষাভাসীদের উপর গুরু দ্বায়িত্ব বর্তায় যাতে কোনো ভাবেই এর অপপ্রয়োগ না হয় তা দেখা। অধ্যাপক ডঃ কল্যাণ চক্রবর্তী বাংলা ভাষার মাধ্যমে বিজ্ঞান চর্চা এবং উচ্চশিক্ষার বিভিন্ন ক্ষেত্রে বাংলা পরিভাষা তৈরির উদ্যোগ নেয়ার উপর জোর দেন। আলোচনা সভায় পৌরোহিত করেন ডষ্টের স্বরূপ প্রসাদ ঘোষ। এই আলোচনাসভা থেকে তিনটি বইও প্রকাশিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আচার্য জগদীশ চন্দ্র বসুর জন্ম বার্ষিকী উপলক্ষে হাওড়ার বোটানিকেল গার্ডেনে সপ্তাহব্যাপী বিশেষ কর্মসূচীর আয়োজন করা হয়েছে। এক পেড় মা কে নাম অভিযানের আওতায় গতকাল বৃক্ষরোপণ কর্মসূচীতে অংশ নেন বি এস আই-এর ডিরেক্টর ডষ্টের এ এ মাও। উপস্থিত ছিলেন বোটানিকেল সার্ভে অফ ইন্ডিয়ার বিভিন্ন ইউনিট অফিসের আধিকারিক, কর্মচারী ও গবেষকরা। ৬২-টি পাম প্রজাতির দেড়শোটিও বেশি চারা রোপণ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমী ঝঁঝার প্রভাব ছাড়াও উত্তরবঙ্গের ওপর একটি ঘূর্ণবর্ত তৈরি হয়েছে। এর ফলে সপ্তাহান্তে উপকূল সংলগ্ন জেলাগুলিতে হাঙ্কা বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দপ্তর। পাহাড়ের জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে হাঙ্কা বৃষ্টির সম্ভাবনা। তাপমাত্রাও কিছুটা বাড়ার সম্ভাবনা।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৮ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ১ ডিগ্রীরও বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুরের কিশোর ভারতী ক্লিভাঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং ১-২ গোলে বেঙ্গালুরু এফ সি-র কাছে পরাজিত হয়েছে। লোবি মানজোকির দেওয়া গোলে মহামেডান স্পোর্টিং এগিয়ে যায়। বেঙ্গালুরুর সুনীল ছেত্রীর জোড়া গোলে ব্যবধান ২-১ হয়ে যায়। ৯ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে বেঙ্গালুরু এফ সি , মোহনবাগানকে টপকে পয়েন্ট তালিকার শীর্ষে উঠে এসেছে।

অন্যদিকে ৮ ম্যাচে ৫ পয়েন্ট পেয়ে মহামেডান স্পোর্টিং দ্বাদশ স্থানে আছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০